

ঢাকা ওয়াসা

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২০৩.৩০.০০০১.২২

বিষয়: ওয়াসা ভবনের বিভিন্ন ফ্লোরে অবস্থিত পিতলের টব পরিষ্কার, ইঁদুর নিধন আঠা এবং ফুলগাছ পরিচর্যার জন্য মিক্স সার ও কীটনাশক ক্রয় বাবদ ২১,৭০৫/- টাকা অস্থায়ী অগ্রীম প্রদান প্রসঙ্গে।


১। ওয়াসা ভবনের সৌন্দর্য বর্ধনে ২০টি পিতলের টবে ফুলগাছ সজ্জিত করা হয়। এই পিতলের টবগুলো নিয়মিত পিতল পলিশ দ্বারা পরিষ্কার করতে হয়। পিতল পলিশের কাজ চলমান হওয়ায় প্রতি ০৩ (তিন) মাস পর পর কিছু ক্লিনিং মালামাল (যেমন-পিতল পলিশ, মার্কিন কাপড়, হারপিক পাউডার ও স্টীলের মাজুনী ইত্যাদি) ক্রয় করতে হয়। এতে ১৫টি পিতল পলিশ এর প্রতিটির মূল্য ৪৬০/- হিসেবে $(৪৬০ \times ১৫) = ৬,৯০০/-$, মার্কিন কাপড় প্রতি গজ ৪০/- হিসেবে ২০ গজ $(৪০ \times ২০) = ৮০০/-$, হারপিক পাউডার- ৫টি প্রতিটি ৯০/- হিসেবে $(৯০ \times ৫) = ৪৫০/-$ এবং ৩টি স্টীলের মাজুনী প্রতিটি ৮৫/- হিসেবে $(৮৫ \times ৩) = ২৫৫/-$ টাকাসহ মোট $(৬,৯০০ + ৮০০ + ৪৫০ + ২৫৫) = ৮,৪০৫/-$ টাকা ব্যয় হবে।


২। ওয়াসা ভবনের বিভিন্ন বিভাগ / দপ্তর সমূহে ইঁদুর অনেক মূল্যবান দ্রব্যাদি নষ্ট করে। ফলে ইঁদুর নিধন করার জন্য নিয়মিত ইঁদুর মারার আঠা ক্রয় করতে হয়। এটি একটি চলমান কাজ বিধায় প্রতি ০৩ মাস অন্তর ২০টি আঠা ক্রয় করতে হয়। প্রতিটি আঠা (ব্যবহৃত বোর্ড সহ) মূল্য ৪৩০/- হিসেবে ২০টি আঠা ক্রয় করতে ব্যয় হবে $(২০ \times ৪৩০) = ৮,৬০০/-$ টাকা।

৩। এছাড়া ওয়াসা ভবনের ফুল গাছসহ অন্যান্য গাছ সঠিক পরিচর্যার জন্য মিক্স সার ও কীটনাশক (স্প্রে মেশিনসহ) ক্রয় করতে হয়। এটিও একটি চলমান কাজ ফলে প্রতি ৩(তিন) মাস অন্তর ১০ প্যাকেট মিক্স সার ক্রয় করতে হয়। প্রতি প্যাকেট মিক্স সার ৩৫০/- টাকা হিসেবে মোট $(৩৫০ \times ১০) = ৩৫০০/-$ টাকা এবং স্প্রে মেশিনসহ ২বোতল কীটনাশক ক্রয় করতে $(৫০০ \times ২) = ১০০০/-$ টাকা ও পরিবহন খরচ বাবদ ২০০/- টাকাসহ মোট $(৩৫০০ + ১০০০ + ২০০) = ৪,৭০০/-$ টাকা প্রয়োজন হবে।


৪। এমতাবস্থায়, এপ্রিল, মে ও জুন/২০২৫ মাস পর্যন্ত অর্থাৎ ০৩ (তিন) মাসের পিতল পলিশ, ইঁদুর মারার আঠা, এবং সার, স্প্রে মেশিনসহ কীটনাশক ক্রয় ববাদ সর্বমোট $(৮,৪০৫ + ৮,৬০০ + ৪,৭০০) = ২১,৭০৫/-$ (একুশ হাজার সাতশত পাঁচ) টাকা ব্যয়ের অস্থায়ী অগ্রীম উপ সচিব, কমন সার্ভিস এর অনুকূলে অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, ব্যয়কৃত অর্থ পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত অস্থায়ী অগ্রীম উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) সদয় অনুমোদন করতে পারেন।


সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।


২০/০৮/২০২৫
মোঃ ইউছুফ আলী
অফিস সুপারিনটেন্ডেন্ট (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


২০/০৮/২০২৫
A.S.C.S.
মোঃ মোরশেদুল ইসলাম
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


২০/০৮/২৫
D.S.C.S.
মোঃ আলিমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


২০/০৮/২৫
মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা।


২০/০৮/২৫
DMD(HR & Admin)
(প্রতিষ্ঠান পরিচালনা ও প্রশাসন)
(প্রতিষ্ঠান কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

১৫৬০

৬-৬-৬/সচিব
২০/০৮/২৫